

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৯৫১

২০/ (আল্লাহর পথে) জিহাদ

পরিচ্ছেদঃ জিহাদ ওয়াজেব এবং তাতে সকাল-সন্ধ্যার মাহাত্ম্য

## আরবী

وَعَنه قَالَ : جَاءَ نَاسٌ إِلَى النَّبِيِّ عَلَيْ أَن ابْعَثْ مَعَنَا رِجَالاً يُعَلِّمُونَا القُرْآنَ وَالسُّنَّةَ فَبَعَثَ إِلَيْهِمْ سَبْعِينَ رَجُلاً مِنَ الأَنْصَارِ يُقَالُ لَهُمْ : القُرّاءُ فِيهِم خَالِي حَرَامٌ يَقْرَوُونَ القُرْآنَ وَيَتَدَارَسُونَ بِاللَّيْلِ يَتَعَلَّمُونَ وَكَانُوا بِالنَّهَارِ يَجِيئُونَ بِالمَاءِ، فَيَضَعُونَهُ فِي المَسْجِدِ وَيَتْطَبُونَ فَيَبِيعُونَهُ وَيَشْتَرُونَ بِهِ الطَّعَامَ لأَهْلِ الصَّفَّةِ وَلِلفُقَرَاءِ فَبَعَثَهُمُ النَّبِيُّ عَلَيْ فَيَ الْمَسْجِدِ وَيَحْتَظِبُونَ فَيَبِيعُونَهُ وَيَشْتَرُونَ بِهِ الطَّعَامَ لأَهْلُ الصَّفَّةِ وَلِلفُقَرَاءِ فَبَعَثَهُمُ النَّبِيُّ عَلَيْ النَّي عَنَّا نَبِينَا أَنَّا قَدْ لَقِينَاكَ فَعَرَضُوا لَهُمْ فَقَتَلُوهُمْ قَبْلَ أَنْ يَبْلُغُوا المَكَانَ فَقَالُوا : اللَّهُمَّ بَلِّعْ عَنَّا نَبِينَا أَنَّا قَدْ لَقِينَاكَ فَرَضِينَا عَنْكَ وَرَضِيتَ عَنَّا وَأَتَى رَجُلٌ حَراماً خَالَ أُنسٍ مِنْ خَلْفِهِ فَطَعَنَهُ بِرُمْحٍ حَتَّى فَرَضِينَا عَنْكَ وَرَضِيتَ عَنَّا وَرُبِّ الكَعْبَةِ فَقَالَ رَسُولُ اللهِ عَلَيْ إِنَّ إِخْوَانَكُمْ قَدْ قُتِلُوا وَإِنَّهُمْ اللهِ عَلَيْ إِنَّ إِخْوَانَكُمْ قَدْ قُتِلُوا وَإِنَّهُمْ وَلَا اللهِ عَلَيْ إِنَّ إِخْوانَكُمْ قَدْ قُتِلُوا وَإِنَّهُمْ اللهُ عَنَّا نَبِيَّنَا أَنَّا قَدْ لَقِينَاكَ فَرَضِينَا عَنْكَ وَرَضِيتَ عَنَّا مَتَوْقً عليه وهذا الظَاهُمُ بَلِغُ عَنَّا مَتِقَ عليه وهذا لفظ مسلم

## বাংলা

(১৯৫১) উক্ত রাবী হতে বর্ণিত, কয়েকটি লোক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে বলল, 'আমাদের সঙ্গে কিছু শিক্ষেত মানুষ পাঠিয়ে দিন, যাঁরা আমাদেরকে কুরআন ও সুন্নাহর শিক্ষা দেবেন।' সুতরাং তিনি সত্তরজন আনসারীকে পাঠিয়ে দিলেন--যাঁদেরকে 'কুর্রা' (কুরআনের হাফেয) বলা হত। 'হারাম' নামক আমার মামাও তাঁদের অন্যতম। তাঁরা রাতে কুরআন পড়তেন, আপোসে কুরআন অধ্যয়ন করতেন এবং শিক্ষা অর্জন করতেন। আর দিনে তাঁরা পানি এনে মসজিদে রাখতেন। কাঠ সংগ্রহ ক'রে তা বিক্রি করতেন এবং তা দিয়ে আহলে সুক্ষা (মসজিদে নববীতে অবস্থানরত তৎকালীন ইসলামী ছাত্রবৃন্দ) ও গরীবদের জন্য খাদ্যদ্রব্য ক্রয় করতেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁদেরকে প্রেরণ করলেন। পথিমধ্যে তারা তাঁদেরকে আটকে তাঁদের গন্তব্যস্থলে পোঁছনোর পূর্বেই হত্যা ক'রে দিল।

শাহাদত প্রাক্কালে তাঁরা এই দু'আ করলেন, ''হে আল্লাহ! তুমি আমাদের নবীকে এই সংবাদ পৌঁছে দাও যে, আমরা তোমার সাক্ষাৎ লাভ করেছি, অতঃপর তোমার প্রতি আমরা সমত্মুষ্ট হয়েছি এবং তুমিও আমাদের প্রতি সম্ভুষ্ট হয়েছ।'' আনাস (রাঃ) এর মামা 'হারাম'-এর পশ্চাৎ দিক থেকে একটি লোক এসে বল্লমের খোঁচা মেরে



(শরীর ফুঁড়ে) পার ক'রে দিল। হারাম বলে উঠলেন, 'কা'বার প্রভুর কসম! আমি সফল হলাম!' রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (উপস্থিত সাহাবীদের সম্বোধন ক'রে) বললেন, ''নিঃসন্দেহে তোমাদের ভাইদেরকে শহীদ ক'রে দেওয়া হয়েছে এবং তারা এ বলে দু'আ করেছে, 'হে আল্লাহ! তুমি আমাদের নবীকে এই সংবাদ পৌঁছে দাও যে, আমরা তোমার সাক্ষাৎ লাভ করেছি, অতঃপর তোমার প্রতি আমরা সমত্মুষ্ট হয়েছি এবং তুমিও আমাদের প্রতি সম্ভুষ্ট হয়েছ।

## ফুটনোট

(বুখারী ৩০৬৪, মুসলিম ৫০২৬ শব্দাবলী মুসলিমের)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন